73

দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ২

# মাধ্যমিকে পাস করা প্রায় আড়াই লাখ ছাত্রছাত্রী এবার কলেজে ভর্তির সুযোগ পাবে না

আহমেদ দীপু

চলতি বছর মাধ্যমিক পরীক্ষায় পাস করেও প্রায় আড়াই লাখ ছাত্রছাত্রী কলেজে ভর্তির সুযোগ পাবে না। দেশে বিদ্যমান কলেজসমূহে আসন সংখ্যা স্বল্পতার কারণে এসব শিক্ষার্থীর উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হওয়ার আশঙ্কা দেখা দিয়েছে। খবর সংশ্লিষ্ট সূত্রের।

সূত্র জানায়, দেশব্যাপী উচ্চ মাধ্যমিক পর্যায়ে সরকারী-বেসরকারী সাধারণ কলেজসহ অন্যান্য কারিগরি ইনস্টিটিউটের মোট সংখ্যা হচ্ছে এক হাজার ৫৬টি। এসব প্রতিষ্ঠানে প্রথম বর্ষে আসন সংখ্যা হচ্ছে তিন লাখ ২১ হাজার ৬০টি। এবার পরীক্ষায় চারটি বোর্ড মিলিয়ে পাস করেছে পাঁচ লাখ ৬০ হাজার ১১৪ জন। পরিসংখ্যানে দেখা যায় নির্ধারিত আসনে ভর্তি হওয়ার পরও দুই লাখ ৩৯ হাজার ৫৪ জন ছাত্রছাত্রীর ভর্তির জন্য কোন কলেজের আসন খালি থাকছে না।

সূত্র জানায়, চারটি বোর্ডে মেধা তালিকাসহ প্রথম বিভাগ পেয়েছে দুই লাখ ৭১ হাজার ছয় শ' ৯৩ জন। প্রকাশিত

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## মাধ্যমিকে পাস

(প্রথম পাতার পর)

ফল অনুযায়ী দেশে সবচেয়ে মেধাবী ছাত্রছাত্রীরা কলেজগুলোতে ভর্তি হওয়ার পর মাত্র ৪৯ হাজার ৩৬৭ আসন খালি থাকছে। এসব আসনে ভর্তির জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে দ্বিতীয় ও তৃতীয় বিভাগ পাওয়া দুই লাখ ৮৮ হাজার ৮৫০ জন ছাত্রছাত্রী।

ঢাকা মহানগরীর বিভিন্ন কলেজে ভর্তির সমস্যা অন্যান্য বছরের তুলনায় এবার আরও প্রকট আকার ধারণ করতে পারে। কারণ মহানগরীতে সরকারী-বেসরকারী কলেজের সংখ্যা ৬১। এগুলোতে প্রথম বর্ষে ভর্তির জন্য আসন সংখ্যা রয়েছে মাত্র ১৩ হাজার। চলতি বছরে নগরীর সরকারী-বেসরকারী ২৮৬টি স্কুল থেকে রেকর্ড সংখ্যক ছাত্রছাত্রী পাস করেছে। এবং এদের মধ্যে প্রথম বিভাগেই বেশি। দ্বিতীয় ও তৃতীয় বিভাগ যা পেয়েছে তার সংখ্যা খুবই সামান্য। ঢাকা শহর থেকে পাস করা মেধাবী ছাত্রছাত্রীদের সঙ্গে যোগ দেবে বাকি তিনটি বিভাগের মেধা তালিকাসহ তারকাখচিত প্রথম বিভাগ পাওয়া ছাত্রছাত্রীরা এসব।. ছাত্রছাত্রী ভর্তি পরীক্ষায় অংশ নেবে– ঢাকা কলেজ, নটরডেম কলেজ, রেসিডেন্সিয়াল মডেল, তেজগাঁও বিজ্ঞান, ইডেন, বদরুন্নেসা, ভিকারুননেছা নুন, হলিক্রস প্রভৃতি কলেজের আসন সংখ্যার বিপরীতে। এছাড়া ঢাকার বাইরে দেশের বিভিন্ন জেলা ও থানা পর্যায়ের যে সব কলেজ আছে সেগুলোতেও স্থানীয় মেধাবী এবং যারা ঢাকায় ভর্তির সুযোগ না পাবে তারা গিয়ে ঐ সব কলেজের আসন দখল করে নেবে।